| “ছেলে হোক, মেয়ে হোক, দু’টি সন্তানই যথেষ্ট” |
|---|

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

নং- ৫৯.১১.০০০০.১৫২.১১.০৫১.২৬-৮৮০.

তারিখ : ১৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

## নিয়োগপত্র

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ২৮.১০.২০২০ খ্রি. তারিখের ৫৯.১১.০০০০.১৫২.১১.০০২.২০-২০৭২ নম্বর স্মারকে পরিসংখ্যান সহকারী পদে জনবল নিয়োগের বিজ্ঞপ্তি জারি করা হয়। উক্ত পদে ২১.০১.২০২৩ তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং ১১.১০.২০২৩ তারিখ মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। নিয়োগের যথাযথ প্রক্রিয়া, ধাপসমূহ ও বিধিবিধান প্রতিপালনপূর্বক পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিভাগীয় নির্বাচন কমিট'র ০৩.১২.২০২৫খ্রি: তারিখে অনুষ্ঠিত সভায় নিম্নবর্ণিত প্রার্থীগণকে সাময়িকভাবে নিয়োগের জন্য সুপারিশ করা হয়। সুপারিশকৃত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৪ তম গ্রেডে (বেতনক্রম ১০২০০-২৪৬৮০/-) **পরিসংখ্যান সহকারী** এর শূন্য পদে রাজস্বখাতে অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রম | রোল নং | আবেদনকারীর নাম ও পিতা/স্বামীর নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | ২৫০০১৫৪১ | মো: আমিনুল এহসান<br>পিতা: মো: মকবুল হোসেন<br>মাতা: আমিনা খাতুন | গ্রাম: অলহরী, ডাকঘর: রানীগঞ্জ-২২২০, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ২. | ২৫০০১৪৪২ | দেব নারায়ন রায়<br>পিতা: সবেন্দ্র নাথ রায়<br>মাতা: সলিতা রাণী রায় | গ্রাম: প্রধানাবাদ, ডাকঘর: কালীগঞ্জ-৫০২০, দেবীগঞ্জ, পঞ্চগড়। |
| ৩. | ২৫০০০৬৭৪ | নূরজাহান আক্তার<br>পিতা: মো: জাফর আলী<br>মাতা: রাবেয়া খাতুন | গ্রাম: সাতপোয়া, ডাকঘর: সরিষাবাড়ী-২০৫০, সরিষাবাড়ী পৌরসভা, জামালপুর। |
| ৪. | ২৫০০০২৫৯ | নকিব আহমেদ ভূঁইয়া<br>পিতা: নজির আহমেদ ভূঁইয়া<br>মাতা: নাছিমা আহমেদ ভূঁইয়া | গ্রাম: মনিয়ন্দ, ডাকঘর: মনিয়ন্দ-৩৪৬৪, আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৫. | ২৫০০১৩৯৭ | মো: আবুল কালাম আযাদ<br>পিতা: সোহরাব হোসেন<br>মাতা: মোছা: আঞ্জুয়ারা বিবি | গ্রাম: দামনাশ, ডাকঘর: দামনাশহাট-৬৫১০, বাঘমারা, রাজশাহী। |

**শর্তাবলী:**

১। নিয়োগপ্রাপ্ত পরিসংখ্যান সহকারী পদে চাকরিতে যোগদানের সময় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কিত (স্বাস্থ্য পরীক্ষার) সার্টিফিকেট দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রতীয়মান হলে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করতে পারবেন;

২। যোগদানের সময় ০৪ (চার) সেট পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। পরবর্তীতে পুলিশী তদন্ত প্রতিবেদনে বিরূপ মন্তব্য পাওয়া গেলে/পুলিশ তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

৩। যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য তিনি শিক্ষানবিশ হিসাবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকরি বিলোপ ঘটাতে পারবেন;

৪। চাকরিতে যোগদানের সময় তাঁর লিখিত পরীক্ষার প্রবেশপত্র/অনলাইন আবেদনের প্রিন্ট কপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র , নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র ও জন্মনিবন্ধন সনদ এর সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে;

৫। সরকারি নিয়ম অনুযায়ী সময় সময় যে সকল পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে, সে সকল পরীক্ষা ও প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;

৬। ইচ্ছাকৃতভাবে কোনো প্রকার ভুল তথ্য প্রদানপূর্বক নিয়োগপ্রাপ্ত হলে এবং তা প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

Huda

৭। নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ সরকারের প্রচলিত আইন, সময় সময় জারীকৃত আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;

৮। উপর্যুক্ত শর্তাবলীর আওতায় এ নিয়োগপত্র গ্রহণে সম্মত থাকলে আগামী ১০.০৩.২০২৬ খ্রি: তারিখ রোজ মঙ্গলবার পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে, যা চাকরিতে প্রথম যোগদানপত্র হিসেবে গণ্য হবে। উক্ত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৯। সংস্থাপন বিভাগের (বর্তমান জনপ্রশাসন মন্ত্রণালয়) Section-ED/JV এর 21.12.1974 তারিখের ED/JV-34/74-20 সংখ্যক স্মারক মোতাবেক "নিয়োগ প্রক্রিয়া বিলম্বের কারণে চাকরিতে প্রবেশের নির্ধারিত বয়সসীমা অতিক্রম করলে অতিরিক্ত বয়স প্রমার্জিত বলে গণ্য হবে";

১০। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন রাজস্বখাতে নির্ধারিত বাজেট বরাদ্দ হতে বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন। বাংলাদেশ গেজেট এস.আর.ও নং ৩৬৯-আইন/২০১৫, তারিখ ১৫ ডিসেম্বর, ২০১৫ এর বিধি-বিধান পালন স্বাপেক্ষে বেতন ভাতাদি প্রাপ্য হবেন;

১১। চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারী করা হলো।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে।

(মীর সাজেদুর রহমান)
পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৫৫০১২৩৪২
ইমেইল: diradmin@dgfp.gov.bd

নং- ৫৯.১১.০০০০.১৫২.১১.০৫১.২৬-৮৫০/২(২৫)

তারিখ : ১৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক (সকল) ------------------------------------------- ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়---------------------------------------------বিভাগ।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. সিভিল সার্জন---------------------------জেলা।
৬. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, হিসাব মহানিয়ন্ত্রক ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ---------------------------------------------------------------------------বিভাগ।
৮. সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
১০. জনাব ----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------।
১১. অফিস কপি।

(এরশাদ আহমেদ নোমানী)
উপপরিচালক (পার্সোনেল)
ফোন: ৫৫০১২৩৪৩
ইমেইল: ddper@dgfp.gov.bd